# Study material for

# UG Semester II (MINOR) Students

# Paper: GE II / Educational Psychology

# TOPIC: Unit 3, Sub unit a

***Dr. S. Sen***
***Head and Associate Professor***
***Department of Education***

# ATTENTION

# মনোযোগ

| | |
|---|---|
| **সংজ্ঞা বা মনোযোগ কাকে বলেঃ**<br>মনোযোগ হল–<br>১।কোন বিষয়/বস্তু/ ধারণার উপর মন স্থির রাখার প্রক্রিয়া<br>২।মনের একটি সচেতন অবস্থা<br>৩।স্পষ্ট ইন্দ্রিয়ানুভূতির অপর নাম ...(টিচেনার)<br>৪।একটি সক্রিয় ও সচেতন মানসিক প্রক্রিয়া (ম্যাকডুগাল) | ৫।কোন বস্তু সম্পর্কিত একটি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট চেতনা<br>৬।একটি ইচ্ছামূলক, নির্বাচনধর্মী মানসিক প্রক্রিয়া<br>৭।চেতনার ক্ষেত্রে অন্যান্য বিষয় থেকে মন কে সরিয়ে রাখার প্রক্রিয়া<br>৮।সক্রিয় আগ্রহ |
| Definition or What is Attention:<br>The attention is—<br>1. The process of keeping the mind fixed on a subjec<br>object/idea<br>2. A conscious state of mind<br>3. “Attention is a state of sensory clearness ..” (Tit<br>4. An active and conscious mental process (McDougal | 5. A clear and precise consciousness about an object<br>6. An intentional, selective mental process<br>7. The process of diverting the consciousness from other aspects of mind<br>8. The Active interest |

## মনোযোগের নির্ধারকগুলি হল-

১। আগ্রহ
৩।বৈচিত্র্য,নতুনত্ব,অভিনবত্ব।
৫।অনুকূল/প্রতিকূল পরিবেশ
৬।গতিশীলতা
৮।পুনরাবৃত্তি
১০।বৈসাদৃশ্য/বৈপরীত্য
১২।স্থায়িত্ব
১৪। ইচ্ছার তীব্রতা/অতৃপ্তি,
১৬।মানসিক প্রবণতা
১৮।সহজাত প্রবৃত্তি
২০।মনোভাব ইত্যাদি।

২।স্পষ্টতা
৪। অভ্যাস
৫। ধ্বনির তীব্রতা
৭। পরিবর্তনশীলতা
৯। গোপনীয়তা
১১। অবস্থান
১৩। আকৃতি
১৫। পূর্ব অভিজ্ঞতা
১৭। শিক্ষা
১৯।প্রক্ষোভ/মানসিক অবস্থা

## The determinants of attention are-

1. Interest
3. Variety, innovation, novelty.
5. Sound intensity
7. Changeability
9. Secrecy
11. Position
13. Shape
15. Prior experience
17. Education
19.Emotion /Mental State

2. Clarity
4. Habit
5. Favourable/hostile environment
6. Mobility
8. Repetition
10. Contrast/Opposite
12. Durability
14. Intensity of desire / dissatisfaction of desire
16. Mental tendencies
18. Instinct
20. Attitude etc.

**মনোযোগের প্রকারভেদ–**
১। ইচ্ছাকৃত মনোযোগ
২। অনিচ্ছাকৃত মনোযোগ
৩।ইচ্ছা/অনিচ্ছাহীন মনোযোগ।

**মনোবিদ জেমসের মতে,**
১। প্রত্যক্ষ/তাৎক্ষণিক মনোযোগ
২। পরোক্ষ/অর্জিত মনোযোগ।

**Types of Attention-**
1.Voluntary attention
2. Involuntary attention
3. Attention without any emotional attachment

**According to psychologist James,**
1. Direct/immediate attention
2. Indirect/acquired attention

**মনোযোগের বিস্তার/পরিধি–**

কোন ব্যক্তির পক্ষেই কখনও একই সময়ে বিভিন্ন বিষয়/ বস্তুতে সমান ভাবে মনোযোগী হওয়া সম্ভব নয়। আপাতভাবে ব্যক্তি একাধিক বিষয়ে মনঃসংযোগ করছে বলে মনে হলেও আসলে তার মনোযোগ ঐচ্ছিক ক্রিয়ার সাহায্যে অতি দ্রুতলয়ে বিষয়গুলির মধ্যে চলাচল করার ফলে ওইরকম মনে হয়। এই চলাচলকে মনোযোগের বিচলন বলা হয়। তাত্ত্বিকভাবে তাই একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির পক্ষে একাধিক বিষয়ে মনোযোগ দেয়া সম্ভব হলেও বাস্তবে তা অসম্ভব।মনোযোগের পরিধি হল অন্য বিষয়ে মনোযোগ সরে যাবার আগের মুহূর্ত অবধি প্রথম মনোযোগের বিষয়ে যে সময়টুকু ব্যক্তি ব্যয় করে থাকে। শিশুদের ক্ষেত্রে এই পরিধি একেবারেই কম থাকে। কিন্তু বয়ঃবৃদ্ধির সাথে সাথে এটির বিস্তার ঘটে। সুস্থ ব্যক্তির ক্ষেত্রে এই পরিধি ৫ ঘন্টা অবধি হতে পারে।

**Attention span/range-**

It is not possible for any person to pay equal attention to different tasks/things at the same time. However, if apparently, a person seems to be concentrating on more than one task/thing, it means, his attention is actually fluctuating over time at a very fast pace between two or more different tasks/things. This movement is known as oscillation. Theoretically, it is possible for an adult to pay attention to more than one task/thing, but in reality it is impossible. Attention span is the amount of time spent concentrating on a task before being distracted. In case of young children, the range of attention span is very restricted. With age the range of span becomes increased. A healthy person may possess the span of attention up to 5 hours.

**শিক্ষায় মনোযোগের গুরুত্ব–**

১। মনোযোগের দ্বারাই শিক্ষার্থী সংবেদন ও ধারনাকে স্মৃতিতে সংরক্ষণ করে।
২। মনোযোগের দ্বারাই শিক্ষার্থী সংবেদন ও ধারনাকে সুস্পষ্টভাবে নির্দিষ্ট পথে পরিচালনা করে।
৩। মনোযোগের দ্বারাই শিক্ষার্থী শিক্ষার লক্ষ্য অর্জনে সক্ষম হয়।
৪। শিক্ষার্থীর মানসিক পরিশ্রম কম করার ক্ষেত্রে ঐচ্ছিক মনোযোগের বিকল্প নেই।
৫। শিক্ষণীয় বিষয়বস্তুর বিশ্লেষণ ও সংশ্লেষণ করার ক্ষেত্রেও মনোযোগ একটি বিকল্পহীন অস্ত্র।

অতএব, মনোযোগ শিক্ষার্থীদের শিক্ষাকে আত্তীকরণের ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান।

**The importance of attention in education-**

1. It is through attention that a student preserves sensations and ideas in memory.
2. It is through attention that a student directs the sensation and ideas in a clearly defined way.
3. By paying attention, a student is able to achieve the goal of education
4. There is no alternative to voluntary attention for reducing the mental exertions of a student.
5. Attention is the perfect instrument in analyzing and synthesizing a content to be learnt

Therefore, attention plays an important role in assimilating the learning of a student.

**শিশু শিক্ষার্থীদের মনোযোগের বিস্তার/পরিধি বৃদ্ধিতে শিক্ষকের ভূমিকা** খুবই গুরুত্বপূর্ণ। যথার্থ শিক্ষকের কর্তব্য হল–

১। শিক্ষার্থীর সামনে বিজ্ঞানভিত্তিক, মনোবিজ্ঞানসম্মত এবং শিক্ষার্থী কেন্দ্রিকতার নীতি মেনে বিষয়বস্তুর উপস্থাপনা করা।

২। নানাধরনের মনোবিজ্ঞানসম্মত প্রদীপন ব্যবহারের মাধ্যমে বিষয়বস্তুর উপস্থাপনা, ব্যাখ্যা ও বিশ্লেষণ করা।

৩।নিজের মৌখিক ভাষা ও গলার স্বর আকর্ষণীয়/উপযুক্ত ভাবে ব্যবহার করা।

৪। পাঠ্য বিষয়কে বাস্তবোচিত ভাবে উপস্থাপনা করা।

৫। শিক্ষার্থীদের স্বাভাবিক আত্মসক্রিয়তার প্রবণতা, কৌতূহল, আগ্রহ, বয়স, চাহিদা ইত্যাদির কথা মনে রেখে বিষয়বস্তুর উপস্থাপনা, ব্যাখ্যা ও বিশ্লেষণ করা।

৬। মনোযোগের নির্ধারকগুলির যথাযথ ব্যবহার করে শিখনের অনুকূল পরিবেশ রচনা করা।

৭। একঘেয়েমিপূর্ণ, বিরক্তিকর পরিবেশ এবং কৃত্রিম সম্পর্ক রচনার থেকে দূরে থাকা।

৮। বিষয়বস্তুর উপস্থাপনা, ব্যাখ্যা ও বিশ্লেষণ করার ক্ষেত্রে সরল থেকে কঠিন/জটিলতার নীতি অনুসরণ করা।

**The role of the teacher** is very important in creating / increasing the attention span of a child.
The duty of a teacher is to –

1.present a content based on psychological and child centric principles before student in a scientific way

2. present, interpret and analyze the content by using various TLM/ teaching learning materials having psychological basis

3. speak in an attractive / appropriate way/language/voice

4. present the text in a realistic way

5. present, interpret and analyze the content keeping in mind the child's normal tendencies of self-activity, curiosity, interest, age, needs, etc.

6. create an environment conducive to learning by making proper use of the determinants of attention

7. stay away from boredom, boring environments and artificial relationships

8. follow the principle of simple to difficult/complex while presenting, interpreting and analyzing the content to be learnt

ধন্যবাদ

Thank You